অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ
প্রশাসন-৫ শাখা
১৬ আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা
www.mor.gov.bd

নম্বর- ৫৪.০০.০০০০.০৪০.১২.০৫০.২৪.১৫২

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বিসিএস প্রশাসন ক্যাডার ব্যতিরেকে অন্যান্য ক্যাডারের ৩য় গ্রেড এবং তদূর্ধ্ব পদে (যে সব পদোন্নতির ক্ষেত্রে সুপিরিয়র সিলেকশন বোর্ডের সুপারিশ প্রযোজ্য) কর্মরত থেকে অবসরে যাওয়া পদোন্নতি বঞ্চিত কর্মকর্তাগণের আবেদন ও তথ্য প্রেরণের।**

সূত্র: (১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৩১.০০.১৭২.২৪-৫৫৮, তারিখ: ২৫.০৫.২০২৫
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৩১.০০.১৭২.২৪-৫৫৯, তারিখ: ২৫.০৫.২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, বিসিএস (প্রশাসন) ক্যাডার ব্যতীত যে সকল ক্যাডারে ৩য় গ্রেড বা তদূর্ধ্ব পদ রয়েছে সে সকল ক্যাডারের যে সকল কর্মকর্তা ২০০৯ সাল থেকে ২০২৪ সালের ০৪ আগস্ট পর্যন্ত সময়কালের মধ্যে চাকরিতে নানাভাবে বঞ্চনার শিকার এবং উল্লিখিত সময়ের মধ্যে অবসরে গিয়েছেন এমন কর্মকর্তাগণের তথ্য এবং যাদের তথ্য ইতোমধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, প্রেরিত তথ্যের সাথে [জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংযুক্ত ছক মোতাবেক] পুনরায় সফট কপি নিকস ফন্টে MS Excel-এ admin5@mor.gov.bd ই-মেইলে এবং হার্ডকপি আগামী ০২.০৬.২০২৫ তারিখের মধ্যে সংযুক্ত ছক মোতাবেক আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৮.০৫.২০২৫
(কাশপিয়া তাসরিন)
সিনিয়র সহকারী সচিব
☏+৮৮০২৪১০৫৩৭৭২
admin5@mor.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা

নম্বর- ৫৪.০০.০০০০.০৪০.১২.০৫০.২৪.১৫২/১(৮)

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
২। উপসচিব (এপিডি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। উপসচিব (উনি-২ শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা; এবং
৭। নথি।

২৮.০৫.২০২৫
(কাশপিয়া তাসরিন)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
এপিডি অনুবিভাগ

নম্বর- ০৫.০০.০০০০.১৩১.০০.১৭২.২৪-৫৫৮

তারিখ : ১১ জ্যৈষ্ঠ ১৪৩২
২৫ মে ২০২৫

**বিজ্ঞপ্তি**

বিষয়: বিসিএস (প্রশাসন) ক্যাডার ব্যতীত যে সকল ক্যাডারে ৩য় গ্রেড বা তদূর্ধ্ব পদ রয়েছে সে সকল ক্যাডারে ২০০৯ সাল থেকে ২০২৪ সালের ০৪ আগস্ট পর্যন্ত সময়ের মধ্যে কর্মরত থেকে অবসরে যাওয়া পদোন্নতি বঞ্চিত কর্মকর্তাগণের আবেদন আহ্বান।

এতদ্বারা, বিসিএস (প্রশাসন) ক্যাডার ব্যতীত অন্যান্য যে সকল ক্যাডারে ৩য় গ্রেড বা তদূর্ধ্ব পদ রয়েছে সে সকল ক্যাডারের যে সকল কর্মকর্তা ২০০৯ সাল থেকে ২০২৪ সালের ০৪ আগস্ট পর্যন্ত সময়কালের মধ্যে চাকুরিতে নানাভাবে বঞ্চনার শিকার এবং উল্লিখিত সময়ের মধ্যে অবসরে গিয়েছেন এমন কর্মকর্তাগণকে সংযুক্ত ছক মোতাবেক আগামী ১৬ জুন ২০২৫ তারিখের মধ্যে স্ব-স্ব ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগের নিকট আবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। যারা ইতোমধ্যে আবেদন দাখিল করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

সংযুক্তি: বর্ণনামতে।

২৫/০৫/২০২৫
মোহাম্মদ রফিকুল হক
উপসচিব
ফোন-২২৩৩৫৪৫৫৮

বিতরণ: (জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;

২। সিনিয়র সচিব/ সচিব, ----------------------------------মন্ত্রণালয়/বিভাগ;

৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

৪। অতিরিক্ত সচিব (এপিডি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা;

৫। অফিস কপি।

# ছক (কর্মকর্তা কর্তৃক পূরণীয়)

১. কর্মকর্তার নাম:

২. ক্যাডার:

৩. পরিচিতি নং:

৪. ব্যাচ:

৫. ব্যাচে মেধাক্রম:

৬. ক্যাডারে যোগদান/ এনক্যাডারমেন্টের তারিখ:

৭. অবসরোত্তর ছুটির তারিখ:

৮. অবসরকালীন পদবী ও গ্রেড:

৯. পদোন্নতি/পদোন্নতি বঞ্চনার সংক্ষিপ্ত তথ্য:

| বঞ্চিত গ্রেড | পদোন্নতির যোগ্যতা অর্জনের তারিখ | পদোন্নতি প্রাপ্তির তারিখ | তার কনিষ্ঠ কর্মকর্তা যে তারিখে পদোন্নতি পেয়ে তাকে Supersede করেছেন | কনিষ্ঠ কর্মকর্তার নাম, পরিচিতি নং ও মেধাক্রম | বঞ্চনার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

** কর্মকর্তা যে গ্রেডে/ গ্রেডসমূহে পদোন্নতি বঞ্চিত হয়েছেন প্রতিটি গ্রেডের তথ্য আলাদাভাবে দিতে হবে।

১৮-০৫-২০২৫

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**এপিডি অনুবিভাগ**

নম্বর- ০৫.০০.০০০০.১৩১.০০.১৭২.২৪-৫৫৯

তারিখ : ১১ জ্যৈষ্ঠ ১৪৩২
২৫ মে ২০২৫

বিষয়: বিসিএস প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য যে সকল ক্যাডারে-৩য় গ্রেড বা তদূর্ধ্ব পদ রয়েছে সে সকল ক্যাডারে ২০০৯ সাল থেকে ২০২৪ সালের ০৪ আগস্ট পর্যন্ত সময়ের মধ্যে কর্মরত থেকে অবসরে যাওয়া পদোন্নতি বঞ্চিত কর্মকর্তাগণের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (প্রশাসন) ক্যাডার ব্যতীত যে সকল ক্যাডারে ৩য় গ্রেড বা তদূর্ধ্ব পদ রয়েছে সে সকল ক্যাডারের যে সকল কর্মকর্তা ২০০৯ সাল থেকে ২০২৪ সালের ০৪ আগস্ট পর্যন্ত সময়কালে চাকুরিতে নানাভাবে বঞ্চনার শিকার এবং উল্লিখিত সময়ের মধ্যে অবসরে গিয়েছেন এমন কর্মকর্তাগণের তথ্য ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

০২। এতদসংক্রান্ত কমিটির সর্বশেষ সভার সিদ্ধান্তের আলোকে আবেদনকারী কর্মকর্তাদের ইতোমধ্যে প্রেরিত তথ্যের সাথে নিম্নোক্ত তথ্যসমূহ সংযুক্ত করে পুনরায় সফট কপি নিকস ফন্টে MS Excel-এ sa4@mopa.gov.bd, sa2@mopa.gov.bd নামীয় ই-মেইলে এবং হার্ডকপি আগামী ০৩ জুন ২০২৫ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) সংশ্লিষ্ট ক্যাডারের গ্রেড ভিত্তিক পদের সংখ্যা এবং পিএসসি কর্তৃক প্রস্তুতকৃত বিসিএস ব্যাচভিত্তিক মেধাতালিকা;

(খ) চাকরি বৃত্তান্ত সংক্রান্ত তথ্য (পিডিএস/ দাপ্তরিকভাবে সংরক্ষিত চাকরি সংক্রান্ত তথ্য);

(গ) চাকরিকালীন পদায়ন সংক্রান্ত তথ্য (ছক মোতাবেক):

| পদবি | কর্মস্থল | কর্মকাল | | ওএসডি ছিলেন কি-না? থাকলে মেয়াদকাল |
|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | |
| | | | | |

(ঘ) শিক্ষাগত যোগ্যতা (ছক মোতাবেক):

| স্তর/ডিগ্রি | প্রতিষ্ঠানের নাম | উত্তীর্ণের বছর | ফলাফল | অধ্যয়নের বিষয় |
|---|---|---|---|---|
| | | | | |

[(খ) অনুযায়ী পিডিএস/ দাপ্তরিকভাবে সংরক্ষিত চাকরি সংক্রান্ত তথ্য থাকলে (গ) ও (ঘ) প্রযোজ্য নয়।]

(ঙ) ফৌজদারী মামলা চলমান আছে কি-না? অতীতে ফৌজদারী মামলা রুজু হয়ে থাকলে তার সর্বশেষ অবস্থা;

(চ) এসিআর-এ বিরূপ মন্তব্য আছে কি-না? থাকলে তার বিবরণ;

(ছ) বিভাগীয় পদোন্নতি কমিটি (ডিপিসি)-র সভায় উপস্থাপিত হয়ে থাকলে (প্রযোজ্য ক্ষেত্রে) কেন পদোন্নতির জন্য বিবেচনা করা হয়নি, সে সংক্রান্ত তথ্য;

(জ) পদোন্নতির জন্য সুপিরিয়র সিলেকশন বোর্ড (এসএসবি) এ প্রস্তাব প্রেরণ করা হলে (প্রযোজ্য ক্ষেত্রে) সে সংক্রান্ত তথ্য (প্রমাণকসহ)।

০৩। সরবরাহকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ প্রত্যয়ন প্রদান করবে। এছাড়া প্রেরিত সকল কাগজপত্রে মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তার স্বাক্ষর ও সিল প্রদান করতে হবে।

২৫.০৫.২০১৫
মোহাম্মদ রফিকুল হক
উপসচিব
ফোন-২২৩৩৫৪৫৫৮

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

২. সিনিসয়র সচিব/সচিব,.......................................................মন্ত্রণালয়/বিভাগ।